



**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT - SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**27 JANUARY 2025**

**7:35 AM IST**

আসাম সরকার ৰাজ্যেৰ গ্ৰামাঞ্চলেৰ উন্নয়নে অগ্ৰাধিকাৰ দেওয়াৰ ফলে ৰাজ্যেৰ জনসাধাৰণেৰ জীৱনযাত্ৰাৰ মান উন্নত হয়েছে । ৰাজ্যপাল লক্ষ্মণ প্ৰসাদ আচাৰ্য গতকাল গুয়াহাটী খানাপাৰাৰ আসাম পশুপালন ও পশু চিকিৎসালয়েৰ খেলাৰ মাঠে আয়োজিত ৭৬ তম সাধাৰণতন্ত্ৰ দিবসেৰ ৰাজ্য পৰ্যায়েৰ কেন্দ্ৰীয় কাৰ্যসূচীতে অংশগ্ৰহণ কৰে এই মন্তব্য কৰেন । ৰাজ্যেৰ জনসাধাৰণেৰ মাথাপিছু আয় বৃদ্ধি পাওয়া এবং ৰাজ্যেৰ মোট ঘৰোয়া উৎপাদন জাতীয় গড় উৎপাদন থেকে বৃদ্ধি পাওয়ায় ৰাজ্যপাল শ্ৰী আচাৰ্য সন্তোষ প্ৰকাশ কৰেন । জাতীয় সামাজিক সাহায্য প্ৰকল্পেৰ অধীনে একশ শতাংশ প্ৰত্যক্ষ লাভ হস্তান্তৰেৰ ক্ষেত্ৰে আসাম দেশেৰ মধ্যে প্ৰথম স্থান লাভ কৰেছে বলেও ৰাজ্যপাল তাঁৰ ভাষণে জানান । আসাম সরকার যেকোনধৰণেৰ অপৰাধেৰ বিৰুদ্ধে শূন্য সহনশীলতা নীতি গ্ৰহণ কৰেছে বলে উল্লেখ কৰে ৰাজ্যপাল ড্ৰাগস সৰবৰাহ , মহিলা ও শিশুৰ বিৰুদ্ধে অপৰাধ , বাল্য বিবাহ , মানব পাচাৰ প্ৰতিৰোধেৰ ক্ষেত্ৰে সরকারেৰ কঠোৰ নীতিৰ কথা উল্লেখ কৰেন ।

---

গতকাল ডিব্ৰুগড়ে সাধারণতন্ত্র দিবসের ভাষণে শিলচর, তেজপুর এবং ডিব্ৰুগড়কে মহানগরী হিসাবে গড়ে তোলার কথা বলেন মুখ্যমন্ত্রী ড. হিমন্তবিশ্ব শর্মা। এর জন্য পরিকাঠামো উন্নয়ন এবং

শিলচর-গুয়াহাটীর মধ্যে দূরত্ব কমাতে এক্সপ্রেসওয়ে নির্মাণের উপর জোর দেন তিনি।

বাইট: হিমন্ত বিশ্ব শর্মা

শিলচরে ক্ষুদ্র সচিবালয় তথা মুখ্য সচিবের কার্যালয় নির্মাণের পরিকল্পনার কথাও উল্লেখ করেন তিনি।

---

বরাক উপত্যকার তিন জেলায়ও গতকাল যথাযোগ্য মর্যাদায় সাধারণতন্ত্র দিবস পালন করা হয়েছে।

কাছাড় জেলা প্রশাসনের সাধারণতন্ত্র দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠানে বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রায় পুলিশ প্যারেড গ্রাউন্ডে জাতীয় পতাকা উত্তোলন করে কুচকাওয়াজের অভিবাদন গ্রহণ করেন। এরপর মন্ত্রী শ্রী রাই কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের ওপর আলোকপাত করে বক্তব্য রাখেন।

শ্রীভূমি জেলা প্রশাসনের উদ্যোগে শ্রীভূমি সরকারী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে ৭৬তম সাধারণতন্ত্র দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠানে রাজ্যের মৎস, পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল জাতীয় পতাকা উত্তোলন করেন।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের সাধারণতন্ত্র দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠানে জেলা আয়ুক্ত নিসর্গ হিভারে গৌতম জাতীয় পতাকা উত্তোলন করে

সরকার স্বাধীনতার অমৃতকাল ঘোষণা করার পর দেশের সঙ্গে হাইলাকান্দি জেলায়ও সামগ্রিক উন্নয়ন অব্যাহত রয়েছে বলে জানান। এছাড়া অনুষ্ঠানে আসাম সরকারের বিভিন্ন বিভাগের কাজকর্মের খতিয়ান তুলে ধরেন।

---

রাজ্যের খাদ্য, গনবন্টন, উপভোক্তা ও বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই আজ বেলা আড়াইটায় শিলচরে জেলা আয়ুক্তের কার্যালয়ের সম্মেলন কক্ষে বরাক উপত্যকার উন্নয়নের বিষয় নিয়ে একটি পর্যালোচনা বৈঠকে অংশ নিবেন। বৈঠকের পর মন্ত্রী শ্রী রাই একটি সংবাদ সম্মেলনে ও অংশ নেবেন বলে জানানো হয়েছে।

---

শ্রীভূমি জেলার কৃষি আধিকারিক এক বিজ্ঞপ্তিতে জেলার নারকেল চাষীদের অবগতির জন্য জানিয়েছেন যে- কেন্দ্রীয় সরকারের নারকেল উন্নয়ন পর্ষদের পক্ষ থেকে নারকেল চাষ করা কৃষকদের জন্য নারকেল গাছ পুনর্জীবন ও পুনরোপণ প্রক্রিয়া গ্রহণ করা হয়েছে। ইচ্ছুক নারকেল চাষীদের এই সুযোগ গ্রহণ করার জন্য নিকটবর্তী কৃষি উন্নয়ন আধিকারিক বা রামকৃষ্ণ নগরের মহকুমা কৃষি আধিকারিক, শ্রীভূমি জেলা কৃষি আধিকারিকের কার্যালয়ে যোগাযোগ করতে বলা হয়েছে।

---

তৃতীয় দিলু ধর স্মৃতি আন্তর্জাতিক ফিডে রেটিং টুর্নামেন্টে তুর্কমেনিস্তানের শার্লিয়েভ আল্লায়ার রবিবার সন্ধ্যায় ষষ্ঠ রাউন্ডের শেষে পুরো ছয় পয়েন্ট সংগ্রহ করে সবার আগে রয়েছেন। তাঁর পরেই আছেন ইন্টারন্যাশনাল মাস্টার শুভায়ন কুণ্ডু। তাঁর সংগ্রহ পাঁচ পয়েন্ট। সদরঘাটের বরাক ভিউ রেসিডেন্সি হোটেলে এই টুর্নামেন্ট অনুষ্ঠিত হচ্ছে। অংশ নিচ্ছেন সব মিলিয়ে আড়াইশো দাবাড়ু।

---

---

বরাক উপত্যকা ক্রীড়া সাংবাদিক সংস্থার কাছাড় জেলা কমিটির উদ্যোগে গতকাল সন্ধ্যায় শিলচর বঙ্গভবনে ‘স্টার সিমেন্ট বাকস বর্ষসেরা ২০২৪’ অনুষ্ঠানের আয়োজন করা হয় । প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা করেন যুগশঙ্খ পত্রিকা গোষ্ঠীর চেয়ারম্যান বিজয়কৃষ্ণ নাথ এবং বিশিষ্ট লেখক ও সাংবাদিক অতীন দাস । অনুষ্ঠানে উপস্থিত অতিথিরা বিভিন্ন ইভেন্টে ২০২৪ বর্ষের কাছাড় জেলার ১৩জন কৃতি খেলোয়াড় এবং একজন ক্রীড়া সংগঠকের হাতে বর্ষসেরা পুরস্কার তুলে দেন । বাকসের কেন্দ্রীয় কমিটির সভাপতি রতন দেব , সাধারণ সম্পাদক বিশ্বনাথ হাজাম , কাছাড় জেলা কমিটির সভাপতি দেবাশিস সোম ,সচিব অভিজিৎ ভট্টাচার্য অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ।

---

লায়ন্স ক্লাব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং বদরপুরঘাট সাংস্কৃতিক মঞ্চের সহযোগিতায় আজ বদরপুরে রেলওয়ে ইন্সটিটিউটে বেলা ১১ টা থেকে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে ।

---